

আমেরিকান এয়ারলাইন্সের ফ্লাইটে ককপিটে প্রবেশের চেষ্টা: যাত্রী আটক

- A Monitor Desk Report

Date: 30 April, 2025



ঢাকাঃ অতি সম্প্রতি সাও পাওলো থেকে নিউ ইয়র্কগামী আমেরিকান এয়ারলাইন্সের ফ্লাইট AA950-তে এক নারী যাত্রী জোরপূর্বক ককপিটে প্রবেশের চেষ্টা করেন।

বিমানের বোয়িং ৭৮৭-৯ ডিমলাইনারের প্রথম শ্রেণির ওই যাত্রী টেকঅফ বিলম্ব নিয়ে তর্কের এক পর্যায়ে ককপিটের দরজা খোলার চেষ্টা করেন। ঘটনার সময় ককপিটের দরজা অল্প সময়ের জন্য খোলা ছিল। ফ্রা তাকে নিয়ন্ত্রণে আনেন।

পরবর্তীতে, আরেকজন পুরুষ যাত্রী উত্তেজিত হয়ে চিৎকার শুরু করলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে উঠে। বিমানটিকে বোর্ডিং গেটে ফিরিয়ে এনে উভয় যাত্রীকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। ফ্লাইটটি দুই ঘণ্টারও বেশি বিলম্বে উড্ডয়ন করে।

-N